গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

**টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত মে/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২১ মে ২০২৩/ ৭ জ্যৈষ্ঠ ১৪২৯ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

১) এপ্রিল/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | এপ্রিল/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ১৩/০৪/২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯.৩০ ঘটিকায় অনুষ্ঠিত এপ্রিল/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়।<br>উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

<u>২) এপ্রিল/২০২৩ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি</u>

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | এ মাসের সভায় আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | অনুমোদনাধীন প্রকল্প প্রস্তাবসমূহের অগ্রগতি | সভায় CCOE প্রকল্পের ডিপিপি' প্রকল্প যাচাই-বাছাই কমিটি'র সভার কার্যবিবরণীর আলোকে পরিমার্জন করে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।<br>সিদ্ধান্ত: উক্ত কার্যবিবরণী মোতাবেক ডিপিপি সংশোধন করে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) | পরিচালক (আইসিটি) জানান যে ডিপিপি প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। | প্রকল্প যাচাই-বাছাই কমিটি'র সভার কার্যবিবরণী পাওয়া গেছে। কিছু বিষয় যেমন, প্রশিক্ষণ মডিউল প্রস্তুতকরণ, ডিওটি'র অর্থায়নে পরীক্ষামূলকভাবে কিছু সংখ্যক প্রশিক্ষণের ব্যবস্থাকরণ ইত্যাদি ক্ষেত্রে সিদ্ধান্ত প্রয়োজন। সভায় অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, প্রশিক্ষণের জন্য অনলাইন অথবা শারীরিক উপস্থিতিতে প্রশিক্ষণের ব্যবস্থা করা সম্ভব। এ বিষয়ে প্রশিক্ষণ মডিউল প্রস্তুতপূর্বক উপপরিচালক প্রশিক্ষণ বরাবরে প্রেরণ করা হলে প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। প্রশিক্ষণ মডিউল তৈরি করার জন্য অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত নেয়া হয়। পরবর্তী সভায় বিষয়টির অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। |
| ২ | বাজেট বাস্তবায়ন সংক্রান্ত | সভায় জানানো হয় যে, প্রতি ৩ মাস অন্তর পিটিডিতে বাজেট বাস্তবায়নের অগ্রগতি জানাতে হয়।<br>টেলিযোগাযোগ অধিদপ্তরের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা সামান্য হলেও তা এখনও অর্জন করা যায়নি। কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক ব্যবহৃত গাড়ীভাড়া যথাসময়ে পরিশোধ করার জন্য তাগিদ দেয়া হয়।<br>বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ | গাড়ীভাড়া আদায়ের জন্য অফিস আদেশ জারি করা হয়েছে। অনেকেই গাড়ীভাড়ার টাকা জমা দিয়েছেন, তবে কিছু কর্মকর্তা/কর্মচারী'র গাড়ীভাড়া এখনও অনাদায়ী রয়েছে। | গাড়ীভাড়া বকেয়ার তালিকা এই কার্যবিবরণী'র সাথে সংযুক্ত করা হলো। বিবরণী মোতাবেক সকলকে ভাড়া প্রদানের জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা দেন। |


| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | এ মাসের সভায় আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ৩ | সেমিনারের আয়োজন | ২০২২-২৩ অর্থবছরে টেলিযোগাযোগ অধিদপ্তরে কোন সেমিনার অনুষ্ঠান করা হয়নি। সমসাময়িক বিষয়ের উপর সেমিনারের আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** সেমিনারের বিষয়, মুখ্য প্রবন্ধ উপস্থাপক, তারিখ ও সময়, আমন্ত্রিত কর্মকর্তার তালিকা ইত্যাদি বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) কে প্রধান করে একটি কমিটি গঠন করতে হবে।<br>বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) | এ ব্যাপারে গঠিত কমিটি অত্যন্ত দ্রুততার সাথে আগামী ২৯.০৫.২০২৩ খ্রি. তারিখে "টেলিযোগাযোগ অধিদপ্তরের উন্নয়নে মানব সম্পদ ব্যবস্থাপনা" বিষয়ে সেমিনার আয়োজনের ব্যবস্থা করেছে। | সেমিনার অনুষ্ঠান সংক্রান্ত অফিস আদেশ ইতোমধ্যে জারি করা হয়েছে। সেমিনারটি সুচারুরূপে আয়োজন ও সম্পন্ন করার জন্য গঠিত কমিটিকে অনুরোধ জানানো হয়। প্রশাসন বিভাগ এ সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা কমিটিকে প্রদান করবে। |

৩) মে/২০২৩ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | প্রকল্প পরিচালকদের অগ্রগতি প্রতিবেদন/ মন্তব্য | টেলিযোগাযোগ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকদের অগ্রগতি প্রতিবেদন/মন্তব্য যদি থাকে তা সভায় উপস্থাপন। | ১। সুবিধাবঞ্চিত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ প্রকল্প: প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি জুন/২০২৩ মাসে সমাপ্তির মেয়াদ থাকলেও বিটিসিএল হতে এখনও দরপ্রস্তাব না পাওয়ার কারণে ইন্টারনেট সংযোগ দেয়ার বিষয়টি অনিশ্চিত হয়ে পড়েছে।<br>সিদ্ধান্ত: দ্রুততার সাথে চুক্তি সম্পাদন করে সংযোগের ব্যবস্থা করতে হবে।<br>২। NAATRT প্রকল্প: প্রকল্প পরিচালক জানান যে, RFP ইতোমধ্যে BRTC (Bureau of Research, Testing and Consultation) বরাবর প্রেরণ করা হয়েছে। প্রস্তাব পাওয়া গেলে পিপিআর ২০০৮ মোতাবেক পরবর্তী ব্যবস্থা নেয়া হবে।<br>৩। সিডিআর ফেইজ-২ প্রকল্প: সভায় প্রকল্প পরিচালক প্রকল্পটি 'ক' শ্রেণিভূক্ত হওয়ার বিষয়টি অবগত করেন। তিনি আরো জানান যে, ইতোমধ্যে চুক্তি সম্পন্ন হওয়ায় LC খোলার জন্য দ্রুত অর্থ ছাড়ের প্রয়োজন।<br>সিদ্ধান্ত: প্রয়োজনীয় অর্থ ছাড়ের জন্য প্রকল্প পরিচালক পত্র দিবেন। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ২) | ২০২২-২৩ অর্থবছরের সমাপ্ত কাজের/ সংগ্রহের বিল দাখিল | পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা এবং জুন মাসে ব্যয় দাখিল সংক্রান্ত আলোচনা। | সভায় উপপরিচালক (অর্থ) অর্থ বিভাগের বাজেট অধিশাখা-২ কর্তৃক জারিকৃত "পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দাখিল সংক্রান্ত" পরিপত্রটি উপস্থাপন করেন। পরিপত্র মোতাবেক দ্রুত বিল দাখিলের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া নিরাপত্তা সেবা খাতে বরাদ্দ থাকলেও উক্ত খাতে কোনো খরচ হয়নি।<br>সিদ্ধান্ত: ১) অর্থ বিভাগের পরিপত্র মোতাবেক বিলসমূহ যথাসময়ের মধ্যে দাখিল করতে হবে।<br>২) জনস্বার্থে আনসার মোতায়েনের লক্ষ্যে আনসারদের বাসস্থানের জন্য টিটিসি'জ ঢাকাকে পত্র দিতে হবে। | ১। এডিজি (কারিগরি)<br>২। এডিজি (রেগুলেটরি)<br>৩। পরিচালক (প্রশাসন)<br>৪। পরিচালক (সিটিডিআর সেন্টার)<br>৫। প্রকল্প পরিচালক, সিটিডিআর ফেইজ-২ প্রকল্প<br>৬। প্রকল্প পরিচালক, NAATRT প্রকল্প। |
| ৩) | এপিএ সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের চলতি বছরের এপিএ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন। | সভায় এপিএ'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপপরিচালক (অন্যান্য সংস্থা) জানান যে, Establishment of Telecommunication Conformance Testing Centre এর সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণের শেষ তারিখ ৩১.০৫.২০২৩ খ্রি.। এর পরবর্তীতে প্রেরণ করা হলে ডিওটি'র performance এর ক্ষেত্রে নেতিবাচক প্রভাব পড়বে। সংশ্লিষ্ট কর্মকর্তা পরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা ও টেলিকম নিরাপত্তা) জানান যে, ২৫.০৫.২০২৩ এর মধ্যে প্রতিবেদন প্রণয়ন এবং প্রেরণ করা সম্ভব হবে।<br>সিদ্ধান্ত: এপিএ সংশ্লিষ্ট সকল প্রতিবেদন যথাসময়ে প্রস্তুতকরত: ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা ও টেলিকম নিরাপত্তা)<br>২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪) | পদোন্নতি বিষয়ে হালনাগাদ তথ্য | টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের পদোন্নতি সংক্রান্ত আলোচনা। | পরিচালক (প্রশাসন) জানান যে, পরীক্ষার মাধ্যমে পদোন্নতি ক্ষেত্রে ৯টা পদের জন্য মোট ৯৯৬টি আবেদন জমা পড়েছে। অন্যদিকে পরীক্ষা ব্যতিত পদোন্নতির ক্ষেত্রে ৩টি ক্যাটাগরির জন্য প্রক্রিয়া শুরু করা হয়েছে। কনিষ্ট হিসাব রক্ষক থেকে উর্ধ্বতন হিসাব রক্ষক, টিসিটি থেকে উপসহকারী প্রকৌশলী, এবং গাড়ী চালক থেকে ভেহিকেল ইন্সপেক্টর এই পদগুলির প্রার্থীদের যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। উক্ত পদগুলির পদোন্নতি প্রদানের জন্য পদোন্নতি কমিটির সভা আগামী ৬ জুন ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠান করা হবে। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক (নিয়োগ) |
| ৫) | এপ্রিল/২০২৩ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী<br>ছ) কর্মকর্তা-কর্মচারীগণের উচ্চতর গ্রেড/ সিলেকশন গ্রেড মঞ্জুরী বিষয়ক আবেদন। | ক) যোগদান ও পদস্থাপনের ১৭টি আবেদনের মধ্যে ১টি প্রক্রিয়াধীন। পিআরএল মঞ্জুরির ১৮টি আবেদনের ১টি প্রক্রিয়াধীন।<br>খ) প্রাপ্ত মোট ৫৪টি আবেদনের মধ্যে মাসান্তে ১৮টি পেন্ডিং আছে।<br>গ) মোট ১২১ টি জিপিএফ আবেদনের মধ্যে ৪০টি আবেদন সিস্টেমের ব্যালেন্স শীট, জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীণ আছে।<br>ঘ) প্রাপ্ত মোট ৬৫টি আবেদনের মধ্যে সিএএফও অফিসে প্রেরণ করা হয়েছে ২১টি। প্রক্রিয়াধীন আছে ৪৪টি আবেদন।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্টের অনাপত্তির ৬টি আবেদনের মধ্যে ২টি আবেদন প্রক্রিয়াধীন আছে। ছুটি বিষয়ক সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>ছ) নন-ক্যাডার ২৭১ জনকে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে। | সেবা মনিটরিং কমিটি |
| ৬) | বিবিধ | (ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের শুদ্ধাচার কর্মকৌশল সংক্রান্ত। | (ক) শুদ্ধাচার কর্মকৌশলের ৪র্থ ত্রৈমাসিক এর তথ্যাদি যথাসময়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট দাখিল করার বিষয়ে সভায় আলোচনা হয়। সকল কর্মকর্তা এ বিষয়ে সচেষ্ট থাকবেন। | (ক) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.১২৭

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪৩০
২২ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৩) পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৪) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৫) অফিস কপি



মোঃ মফিজ উদ্দিন
পরিচালক